লাফার্জহোলসিমের নতুন প্লাস্টার পণ্য উদ্বোধন

দেয়ালে প্লাস্টারের জন্য বাজারে বিশেষ ধরনের সিমেন্ট আনতে যাচ্ছে লাফার্জহোলসিম বাংলাদেশ লিমিটেড। ‘প্লাস্টারক্রিট’ ব্র্যান্ডের এ সিমেন্ট আপাতত করপোরেট গ্রাহকরা কিনতে পারবে। গতকাল রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানান কোম্পানিটির প্রধান নির্বাহী কর্মকর্তা রাজেশ সুরানা। সংবাদ সম্মেলনে লাফার্জহোলসিম বাংলাদেশের মার্কেটিং অ্যান্ড কমার্শিয়াল ট্রান্সফরমেশন ডিরেক্টর আসিফ ভূইঞা ও হেড অব মার্কেটিং স্ট্র্যাটেজি, ব্র্যান্ডস অ্যান্ড কমিউনিকেশন সৈয়দ নাঈমুল আবেদীনসহ প্রতিষ্ঠানটির অনেক শীর্ষস্থানীয় কর্মকর্তা উপস্থিত ছিলেন। সংবাদ সম্মেলনে রাজেশ সুরানা বলেন, প্লাস্টারক্রিটের মাধ্যমে দেয়ালের প্লাস্টার হবে অনেক মসৃণ। সহজেই কাজটি করা যাবে। এ পণ্যের ব্যবহার প্লাস্টারের স্থায়িত্ব বাড়াবে এবং কোনো ফাটল দেখা দেবে না। এ কারণে প্লাস্টার দীর্ঘদিন টিকে থাকবে। নতুন এ সিমেন্টের ব্যবহারে গ্রাহকদের সময় বাঁচবে, খরচ বাঁচবে। আশা করা যাচ্ছে, দেশের নির্মাণ খাতে বড় ধরনের প্রভাব ফেলবে এটি। প্লাস্টারক্রিট ছাড়াও বাজারে কোম্পানিটির হোলসিম স্ট্রং স্ট্রাকচার, সুপারক্রিট, হোলসিম গ্রে ও হোলসিম রেড নামে চার ধরনের সিমেন্ট রয়েছে। রাজেশ সুরানা জানান, নির্মাণ খাতে প্রয়োজনীয় পণ্যের চাহিদা মেটাতে তাদের কোম্পানি প্রতিনিয়ত গবেষণা ও পণ্য উন্নয়নের কাজ করে চলেছে। এরই ধারাবাহিকতায় বাজরে প্লাস্টারক্রিটের মতো সিমেন্ট আনতে যাচ্ছে কোম্পানিটি। http://bonikbarta.net

বিলিয়ন ডলারের মাইলফলক পেরোল ইউনাইটেড পাওয়ার

ঢাকা স্টক এক্সচেঞ্জে (ডিএসই) গতকাল ইউনাইটেড পাওয়ার জেনারেশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেডের শেয়ারের সমাপনী দর ৬ শতাংশের বেশি বেড়ে ২১৪ টাকায় উন্নীত হয়েছে। দিন শেষে কোম্পানিটির বাজার মূলধন সাড়ে ৮ হাজার কোটি টাকা ছাড়িয়েছে। বৈদেশিক মুদ্রায় প্রথমবারের মতো ১০০ কোটি বা ১ বিলিয়ন ডলারের মাইলফলক অতিক্রম করল দেশের একমাত্র বাণিজ্যিক আইপিপি কোম্পানিটি। কোম্পানির প্রধান অর্থ কর্মকর্তা (সিএফও) ইবাদত হোসেন ভূইয়া বণিক বার্তাকে বলেন, ব্যতিক্রমী বিজনেস মডেল, উদ্যোক্তা-পরিচালকদের প্রতিশ্রুতি আর দক্ষ ম্যানেজমেন্ট— এ তিনের সমন্বয়ে ইউনাইটেড পাওয়ার শেয়ারহোল্ডারদের জন্য ভ্যালু ক্রিয়েট করার চেষ্টা করে যাচ্ছে। আমি মনে করি, বিলিয়ন ডলারের মাইলফলক অতিক্রম কোম্পানি ও এর ম্যানেজমেন্টের ওপর বিনিয়োগকারীদের ক্রমবর্ধমান আস্থারই প্রতিফলন। এ ধরনের অর্জন কোম্পানিকে তার ব্যবসা সম্প্রসারণে আরো উদ্বুদ্ধ করবে। http://bonikbarta.net

একসঙ্গে কাজ করবে এনবিআর আরজেএসসি ও আইসিএবি

জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ও যৌথ মূলধনি নিবন্ধনকারী প্রতিষ্ঠানে (আরজেএসসি) প্রতি বছর রিটার্ন জমা দেয়া অর্ধেকের বেশি কোম্পানির আর্থিক প্রতিবেদন জাল হলেও তা সহজে শনাক্ত করার সুযোগ নেই। এতে সরকার বিপুল রাজস্ব হারানোর পাশাপাশি জবাবদিহিতার বাইরে থাকছে অনেক প্রতিষ্ঠান। ভুয়া আর্থিক প্রতিবেদন তৈরি করা এসব প্রতিষ্ঠানকে সহজে শনাক্ত করতে একসঙ্গে কাজ করবে এনবিআর, আরজেএসসি ও দি ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস বাংলাদেশ (আইসিএবি)। এ

লক্ষ্যে একটি তথ্যভাণ্ডারও তৈরি করা হচ্ছে। গতকাল কারওয়ান বাজারের সিএ ভবনে আয়োজিত এক প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন শেষে এসব কথা জানিয়েছেন জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের জ্যেষ্ঠ সচিব মো. মোশাররফ হোসেন ভূঁইয়া। ‘তথ্যপ্রযুক্তির মাধ্যমে জাল নিরীক্ষা প্রতিবেদন শনাক্তকরণ ও নিরীক্ষা প্রতিবেদন যাচাই’ শীর্ষক দুদিনের এ প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করে আইসিএবি। http://bonikbarta.net

অসম প্রতিযোগিতায় পড়তে হচ্ছে দেশী এয়ারলাইনারগুলোকে

এমনিতেই জেট ফুয়েলের দাম বেশি থাকায় দেশী আকাশসেবা সংস্থাগুলোকে বিদেশী এয়ারলাইনারগুলোর সঙ্গে তীব্র প্রতিযোগিতায় নামতে হচ্ছে। এর ওপর আবার দেশী প্রতিষ্ঠানগুলোকে আন্তর্জাতিক এয়ারলাইনারগুলোর চেয়ে বেশি দামে জেট ফুয়েল কিনতে হচ্ছে। ফলে দেশী এয়ারলাইনারগুলোকে অসম প্রতিযোগিতায় পড়তে হচ্ছে। গতকাল ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ) মিলনায়তনে এভিয়েশন অ্যান্ড ট্যুরিজম জার্নালিস্ট ফোরাম বাংলাদেশ (এটিজেএফবি) আয়োজিত প্রাক-বাজেট আলোচনায় এসব বিষয় উঠে আসে। এটিজেএফবির সভাপতি নাদিরা কিরণের সঞ্চালনায় আলোচনায় প্রধান অতিথি ছিলেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী একেএম শাহজাহান কামাল। বিশেষ অতিথি ছিলেন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি এম ফারুক খান। http://bonikbarta.net

যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য উদ্বৃত্ত বাড়ল চীনের

চলতি বছরের এপ্রিলে যুক্তরাষ্ট্রের সঙ্গে চীনের বাণিজ্য উদ্বৃত্ত বৃদ্ধি পেয়েছে। বিশ্বের শীর্ষ দুই অর্থনীতির মধ্যে একটি সম্ভাব্য বাণিজ্যযুদ্ধ এড়ানোর সর্বাত্মক চেষ্টার মধ্যেই বাণিজ্য ভারসাম্যহীনতা আরো বৃদ্ধি পেয়েছে। এদিকে বাণিজ্য নিয়ে আলোচনা করতে আগামী সপ্তাহে চীনের শীর্ষ অর্থনৈতিক কর্মকর্তা ওয়াশিংটন সফর করবেন বলে সোমবার হোয়াইট হাউজ জানিয়েছে। খবর এএফপি। বাণিজ্যবিরোধ নিষ্পত্তির চেষ্টা হিসেবে গত সপ্তাহেই একটি উচ্চপর্যায়ের আলোচনা শেষ করেছে ওয়াশিংটন ও বেইজিং। দুই দেশের বাণিজ্যবিষয়ক মতভেদ এখনো অনেক বেশি বলে আলোচনা শেষে উভয় পক্ষ স্বীকার করে নিয়েছে। এ পরিপ্রেক্ষিতে গতকাল প্রকাশিত পরিসংখ্যান ওয়াশিংটনের শুল্কারোপের সংকল্পকে আরো জোরালো করবে বলে ধারণা করা হচ্ছে। এতে কয়েক হাজার কোটি ডলারের পণ্যের ওপর শুল্কারোপের সম্ভাবনা আরো বাড়ল।http://bonikbarta.net

৬ হাজার ২০০ কোটি ডলারে শায়ার অধিগ্রহণ করছে তাকেদা

জাপানভিত্তিক জায়ান্ট ওষুধ কোম্পানি তাকেদা অবশেষে ৬ হাজার ২৫০ কোটি ডলারে (৪ হাজার ৪৫০ কোটি পাউন্ড) আয়ারল্যান্ডের ফার্মাসিউটিক্যাল প্রতিষ্ঠান শায়ার ক্রয়ে সম্মত হয়েছে। বেশ কয়েক দফা দর কষাকষির পর শায়ার অধিগ্রহণে এ মূল্য দিতে কোম্পানিটির সঙ্গে প্রাথমিক চুক্তিতে পৌঁছেছে তাকেদা। চুক্তিটি চূড়ান্ত সম্পন্ন হওয়ার পর এটি হবে জাপানের কোনো কোম্পানির দেশের বাইরে সবচেয়ে বড় অধিগ্রহণ। খবর এএফপি। চুক্তিটি সম্পন্ন হওয়ার পর যৌথ প্রতিষ্ঠানটি বিশ্বের শীর্ষ ১০ ওষুধ কোম্পানির তালিকায় অন্তর্ভুক্ত হবে। গত মাসে শায়ারের পক্ষ থেকে বলা হয়, ‘সম্ভাব্য প্রস্তাবটির বিপরীতে একটি সন্তোষজনক সমাধানে পৌঁছতে’ তাদের পরিচালনা পর্ষদ ৪ হাজার ৬০০ কোটি পাউন্ড দাম সুপারিশ করেছিল।http://bonikbarta.net